



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০৪.০৫.০০১.১৯/১৪৭৫

তারিখ: ০২.০৬.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের Rich Pine International Group,Ltd. জর্ডান এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	আবেদনের লিংক
০১	ফ্যাক্টরি সুইং অপারেটর (Factory Sewing Operator)	৩০০ জন (মহিলা)	১৮৪ মার্কিন ডলার	অনলাইন আবেদনের লিংক:- https://brms.boesl.gov.bd/ (অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও চার্জ পরিশোধ করতে হবে।

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সমদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছায়)।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- (৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বহিঃগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নাস কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি বাবদ ১,০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিজার প্রিন্ট ফি ২২০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আবেদনকৃত আগ্রহী প্রার্থীদের আগামী ০৫, ১২, ১৯ ও ২৬ জুন ২০২৬ খ্রি রোজ শূক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না।

সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়।

মহমুদা পলি
০২/০৬/২৬
মহমুদা পলি
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

এস. এম. শফি কামাল
পিএস (উপসচিব)

